৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 19 DEC 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

# শিক্ষা প্রতিষ্ঠানে ১০টি বাস হস্তান্তর

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল দেশের দশটি শিক্ষা প্রতিষ্ঠানকে দশটি বাস হস্তান্তর করিয়াছেন। এই শিক্ষা প্রতিষ্ঠানগুলি হইতেছে: দিনাজপুর হাজী দানেশ কৃষি

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## বাস হস্তান্তর

( ১ম পৃঃ পর )

কলেজ; বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা বিশ্ববিদ্যালয় বুয়েট; কলারোয়া কলেজ, সাতক্ষীরা; বাগেরহাট সরকারী উইমেন্স কলেজ; সরকারী পি সি কলেজ, বাগেরহাট; গাছবাড়িয়া সরকারী কলেজ, চন্দনাইশ,চটগ্রাম; পাঁচবিবি হাজী মহসিন কলেজ, জয়পুরহাট; এমসি কলেজ, সিলেট; বিআইটি রাজশাহী এবং রাজেন্দ্র কলেজ, ফরিদপুর।

বাস হস্তান্তর উপলক্ষে প্রধানমন্ত্রীর দপ্তরে উপস্থিত ছিলেন পররাষ্ট্রমন্ত্রী এ এস এম মুস্তাফিজুর রহমান, যোগাযোগমন্ত্রী অলি আহমদ, স্বাস্থ্যমন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ, সংস্থাপন প্রতিমন্ত্রী আমিনুল হক এবং বেশ কিছু এমপি, শিক্ষা প্রতিষ্ঠানগুলির প্রধানেরা ও ছাত্র সংসদ প্রতিনিধিরা।